



# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ

[Website:www.bb.org.bd](http://www.bb.org.bd)

ডিএফআইএম সার্কুলার লেটার নং-৩৯

২৩ অগ্রহায়ণ ১৪৩১

তারিখ: \_\_\_\_\_

০৮ ডিসেম্বর ২০২৪

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল ফাইন্যান্স কোম্পানি।

প্রিয় মহোদয়,

পাট শিল্প খাতের বকেয়া ঋণ রূক হিসাবে স্থানান্তর প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (নীতি ও প্রণোদনা শাখা)-এর স্মারক নম্বর: ৫৩.০০.০০০০.৩৩১.৩৬.০০২.১৮.২৮২; তারিখ: ১৪ অক্টোবর ২০২৪ আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

আপনাদের বিশ্বস্ত,

(গৌতম কুমার ঘোষ)

পরিচালক (ডিএফআইএম)

ফোন: ৯৫৩০১৭৮।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ  
নীতি ও প্রণোদনা শাখা  
www.fid.gov.bd

তারিখ: ২৯ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ  
১৪ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ


স্মারক নম্বর: ৫৩.০০.০০০০.৩৩১.৩৬.০০২.১৮.২৮২

বিষয়: পাট শিল্পখাতের বকেয়া ঋণ ব্লক হিসাবে স্থানান্তর প্রসঙ্গে।

- সূত্র: ০১. আর্থিক প্রতিষ্ঠান বিভাগের পত্র নং: ৫৩.০০.০০০০.৩৩১.৩৬.০০২.১৮-৬৩ তারিখ: ০৫-০৯-২০২৪;  
০২. আর্থিক প্রতিষ্ঠান বিভাগের পত্র নং: ৫৩.০০.০০০০.৩৩১.৩৬.০০২.১৮-৩০৪ তারিখ: ২৯-১১-২০১৮;  
০৩. বিআরপিডি সার্কুলার লেটার নং-০৫; তারিখ: ০২-০৫-২০১৯;  
০৪. বাংলাদেশ জুট মিলস এসোসিয়েশন এর পত্র নং- গভ/৫/২৪২ তারিখ: ০৭-০৯-২০২৪।

উপর্যুক্ত বিষয়ে বস্ত্র ও পাট মন্ত্রণালয় এবং বাংলাদেশ জুট মিলস এসোসিয়েশনের (বিজেএমএ) আবেদনের পরিপ্রেক্ষিতে ০১ নং সূত্রের মাধ্যমে এ কার্যালয়ের সিদ্ধান্ত প্রদান করা হয়েছিল। কিন্তু বিজেএমএ তাদের দাবী পুনর্বিবেচনার জন্য অর্থ উপদেষ্টা মহোদয় বরাবর ০৭.০৯.২০২৪ তারিখে পুনরায় আবেদন করে। বিজেএমএর আবেদন পুনর্বিবেচনাপূর্বক পাট শিল্পখাতের বকেয়া ঋণ ব্লক হিসাবে স্থানান্তর প্রসঙ্গে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক ২৯-১১-২০১৮ তারিখে জারীকৃত ৫৩.০০.০০০০.৩৩১.৩৬.০০২.১৮-৩০৪ নং স্মারকের (কপি সংযুক্ত) অনুচ্ছেদ নং (ক) এবং (ছ) সরকার নিম্নরূপে পরিবর্তনের সিদ্ধান্ত গ্রহণ করেছে:

- (ক) পাট শিল্পখাতের প্রতিটি কেসের গুণাগুণ বিবেচনায় নিয়ে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে ব্যাংক ঋণের সুদ/মুনাফা ও আবশ্যিকীয় ক্ষেত্রে আসল বা এর অংশ বিশেষ (৩১-০৮-২০২৪ খ্রিঃ তারিখ ভিত্তিক) Block Account এ স্থানান্তরপূর্বক ২(দুই) বছরের মরাতোরিয়াম সুবিধাসহ ১০ (দশ) বছরে পরিশোধের সুবিধা প্রদান করতে হবে;  
(ছ) জাতীয় অর্থনীতিতে পাট খাতের অবদান বিবেচনায় নিয়ে পাট শিল্পখাতের ঋণগ্রহীতাদের ঋণ হিসাবের জন্য ব্লক সুবিধা প্রদানের ক্ষেত্রে ঋণস্থিতির ন্যূনতম ১.৫% ডাউন পেমেন্ট আদায় নিশ্চিত করতে হবে।



১৪-১০-২০২৪  
দীপক কুমার বিশ্বাস  
উপসচিব  
৯৫৯২৪৫০ (ফোন)  
niti@fid.gov.bd

গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

স্মারক নম্বর: ৫৩.০০.০০০০.৩৩১.৩৬.০০২.১৮.২৮২/১ (৪)

তারিখ: ২৯ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ  
১৪ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ জুট মিলস এসোসিয়েশন, আদমজী কোর্ট, মেইন ভবন, ৫ম তলা, ১১৫-১২০ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা;
- ৩। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য) এবং
- ৪। ব্যক্তিগত কর্মকর্তা (অতিরিক্ত সচিব), নীতি ও প্রণোদনা শাখা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (মহোদয়ের সদয় অবগতির জন্য)।



সকল সংযুক্তিসমূহ:  
(১) কপি সংযুক্ত

দীপক

১৪-১০-২০২৪  
(দীপক কুমার বিশ্বাস)  
উপসচিব